



নং- ১৯.০০.০০০০.৪১১.৩৪.১২৭.১৭-০৮৭

২৫ জানুয়ারি ২০২১

প্রেরক : আরশুদা খান
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : (১) একজন উপযুক্ত প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) একজন উপযুক্ত প্রতিনিধি, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৩) জনাব মোঃ আলীমুজ্জামান, পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
(৪) জনাব মোঃ ইফতেখার রহমান, সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয় : আগামী ২৯ জানুয়ারি ২০২১ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠাতব্য বাংলাদেশ ও ভারতের মধ্যকার Foreign Office Consultation -এর প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য উল্লিখিত কর্মকর্তাগণের অনুকূলে নয়াদিল্লিতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২৯ জানুয়ারি ২০২১ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠাতব্য বাংলাদেশ ও ভারতের মধ্যকার Foreign Office Consultation -এর প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনাদের অনুকূলে নয়াদিল্লিতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলি নিম্নরূপঃ

- ক) আপনারা আগামী ২৮ জানুয়ারি ২০২১ বা এর নিকটবর্তী তারিখে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ৩০/৩১ জানুয়ারি ২০২১ বা এর নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- খ) ভ্রমণকালীন আপনারা নিজ নিজ কার্যালয়ে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) সদস্য হিসেবে আপনারা ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং অন্যান্য ভাতাদি নিজ নিজ কার্যালয়ের বিধি অনুযায়ী প্রাপ্য হবেন; এতদুদ্দেশ্যে ভ্রমণ সংক্রান্ত ব্যয় নিজ নিজ কার্যালয়ের সংশ্লিষ্ট খাত হতে বহনযোগ্য।
- ঘ) জরুরি অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত আপনারা বিদেশে অবস্থান করবেন না।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

আপনার একান্ত,

(আরশুদা খান)

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)

ফোনঃ ৪৭১১০৬৪৮

নং- ১৯.০০.০০০০.৪১১.৩৪.১২৭.১৭-০৮৭

২৫ জানুয়ারি ২০২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। অতিরিক্ত পররাষ্ট্র সচিব (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। মহাপরিচালক (প্রশাসন/ দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৫। পরিচালক (এফএমও / এসএমও/ এফএসও / অর্থ / রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুন বাগিচা, ঢাকা
- ৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
- ৮। সহকারী সচিব (সাধারণ সেবা/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৯। সহকারী সচিব (আই সি টি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। বাংলাদেশ দূতাবাস, নয়াদিল্লি, ভারত
- ১১। অফিস কপি।

(আরশুদা খান)

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)